



## মোঃ কাওসার আমীর আলী

ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো

প্রকৌ: জনাব মো: কাওসার আমীর আলী ১৯৮৪ সালের ২০শে অক্টোবর বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে (বিউবোর্ড) সহকারী প্রকৌশলী হিসাবে কর্মজীবন শুরু করেন এবং দীর্ঘ ৩৫ (পঁয়ত্রিশ) বছর দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। প্রকৌ: মো: কাওসার আমীর আলী বর্তমানে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানিতে ব্যবস্থাপনা পরিচালক পদে গত ২৯শে মার্চ, ২০২০ তারিখে যোগদান করেন। ডেসকোতে যোগদানের পূর্বে তিনি বিউবোর্ডে সদস্য (বিতরণ) পদ থেকে অবসরগ্তের ছুটিতে ছিলেন। দীর্ঘ কর্মজীবনে তিনি বাণিজ্যিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা, ট্যারিফ ব্যবস্থাপনা, প্রি-পেমেন্ট মিটারিং ম্যানেজমেন্ট, রিস্ক ম্যানেজমেন্ট, এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ইআরপি) সহ, বিদ্যুৎ শুল্ক ও বিধিসমূহ প্রণয়ন ও যুগোপযোগীকরণে তাঁর দক্ষতার স্বাক্ষর রেখেছেন।

৩৩ কেভি, ১১ কেভি, ০.৪ কেভি ওভারহেড বিতরণ লাইন, ভূগর্ভস্থ ক্যাবল এবং ৩৩/১১ কেভি সাব-স্টেশনের অপারেশন এবং রক্ষণাবেক্ষণ সংক্রান্ত দায়িত্ব তিনি সফলতার সাথে পালন করেছেন। বিবিয়ানা ৪০০ মেগাওয়াট কন্সাইন্ড সাইকেল বিদ্যুৎকেন্দ্র প্রকল্প, বড়পুকুরিয়া ২৭৫ মেগাওয়াট কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ও বৃহত্তর রাজশাহী বিদ্যুৎ বিতরণ প্রকল্পে (দ্বিতীয় পর্যায়) সাফল্যের স্বাক্ষর রেখেছেন।

প্রকৌ: মো: কাওসার আমীর আলী ১৯৬১ সালে বগুড়া জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮২ সালে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি অর্জন করেন।